**Personality:**— শিক্ষাবিজ্ঞানে Personality বা ব্যক্তিসত্তা কথাটি খুবই ব্যবহৃত হয়ে থাকে। এটি এসেছে Lattin শব্দ Persona থেকে, যে শব্দটি গ্রীক থিয়েটারের সঙ্গে যুক্ত। Persona কথাটির অর্থ হল musk বা মুখোশ, যা গ্রীক থিয়েটারে অভিনেতারা ব্যবহার করতেন, আমাদের দেশে ও রামলীলা বা কৃষ্ণলীলায় মুখোশ ব্যবহার করা হয়। প্রকৃত পক্ষে Personality বা ব্যক্তিসত্তার অর্থ হল সেই প্রভাব ব্যক্তি বিভিন্ন আচরণের মধ্যে বা জনগণের মধ্যে বিস্তার করে থাকে।

ব্যক্তিসত্তার নানা সংজ্ঞা দেওয়া যায়—

ব্যক্তিত্ব হল সকল সামাজিক উদ্দীপকের প্রতিক্রিয়া—

(1) **Personality as a stimulus:**— অনেক মনোবিজ্ঞানী ব্যক্তিসত্তাকে সামাজিক উদ্দীপক মূল্য হিসাবে বিবেচনা করেছেন, একজন ব্যক্তি অন্য ব্যক্তিকে কতখানি প্রভাবিত করতে পারে, তা সে ভালোই হোক বা মন্দ হোক— সেটি হল সেই ব্যক্তির ব্যক্তিত্ব। এখানে ব্যক্তির সুসমন্বিত আচরণ দ্বারাই বিবেচ্য। এখানে ব্যক্তিত্বকে ব্যক্তির চেহারা, পোশাক, আসবাব, কথাবার্তা, সৌজন্যবোধ ইত্যাদি বিবেচনা করা হয় বা বিষয়ই বিবেচ্য।

ব্যক্তিত্ব হল ব্যক্তির বিভিন্ন ক্রিয়া প্রতিক্রিয়ার সামগ্রিকতা

(2) **Summative approach:**— এখানে ব্যক্তির বিভিন্ন কার্যকলাপ বা ক্রিয়া প্রতিক্রিয়ার সামগ্রিকভাবে বোঝানো বা গুরুত্ব দেওয়া হয়ে থাকে। যেমন— ব্যক্তির সহজাত বৃত্তি, অভ্যাস, আবেগ ইত্যাদি। গেস্টাল্ট প্রমুখ মনোবিদরা এই অংশগুলির সামগ্রিকতাকে সমালোচনা করেছেন। কারণ, এখানে তারা বলেছেন যে, একসাথে ব্যক্তির সমগ্রের সঙ্গে অংশগুলির সম্বন্ধকে বা সংগঠনকে গুরুত্ব দেওয়া হয়নি।

ব্যক্তিত্ব হল সকল সমন্বয় মূলক রূপ

(3) **Integrative approach:**— এই ধারণায় ব্যক্তিকে সমন্বয়িত বা সমন্বয়ের দিকটির গুরুত্ব দেওয়া হয়েছে। এখানে Personality যে সংজ্ঞা দেওয়া হয়েছে, তা হল— Personality is the intigeative Organisation of all the cognative, affective, cognative and physical characteristics of an individual.।

G. W. Hartman ও অনুরূপ সংজ্ঞা দান করেছেন।

ব্যক্তিত্ব হল ব্যক্তির সামগ্রিক আচরণের সমষ্টি ধারণা

(4) **Totality View:**— এই সংজ্ঞায় বা ধারণায় ব্যক্তিত্বকে ব্যক্তির সামগ্রিক

Scanned with CamScanner

(2) আচরণের একটি বৈশিষ্ট্যের বা ধারণার গুরুত্ব দেওয়া হয়েছে, এখানে ব্যক্তিত্ব হল, তার সাংগঠনিক আচরণ ধারার একটি সামগ্রিক চিত্র।

Mark Sherman তার বই "Personality enquairy and application" এ বলেছেন ব্যক্তিত্ব হল "The characteristics pattern of behaviour, cognitions and emotions which may be experienced by the individual manifast to others."

(5) Personality as adjustment:— শিশু জন্ম থেকে মৃত্যু পর্যন্ত পরিবেশের সঙ্গে অভিযোজন করে চলে এবং প্রতিটি শিশুরই বা ব্যক্তিরই এই অভিযোজনের ধরন আলাদা। Personality হল ব্যক্তির আচরণের ধরন বা বৈশিষ্ট্য এবং কোন একটি বিশেষ পরিবেশে ব্যক্তি যে বিশেষ আচরণ ধারার অভিব্যক্তি দেখায়, সেটাই হল তার ব্যক্তিসত্ত্বা। ব্যক্তিসত্ত্বাকে ব্যাখ্যা করার উপরোক্ত ধারাগুলি ছাড়াও ব্যক্তিসত্ত্বার কতকগুলি সংজ্ঞা দেওয়া যেতে পারে।

Fredenburgh তাঁর "The psychology of personality and adjustment" বইতে ব্যক্তিসত্ত্বার অনেকগুলি সংজ্ঞাকে একত্রিত করে যে সংজ্ঞা দিয়েছেন, তা হল, "Personality is a static system of complex characterictics by which the life pattern of the individual may be identified.

(Alport এর মতে, "Personality is the dynamic organization within the individual of those psychophisical systems that determine his unique adjustment to this environment.")

(Guilford এর মতে, ব্যক্তিসত্ত্বা হল, "An individual personality is his unique pattern of traits")

~~Theories~~ Theories of Personality:—

মনোবিদরা ব্যক্তিসত্ত্বার নানারকম তত্ত্ব উদ্ভাবন করেছেন। এই তত্ত্বগুলির মধ্যে অন্যতম হল—

(i) Type theory, (ii) Trait theory, (iii) Psycho analytic theory.

Scanned with CamScanner

(iv) Phenomenological theory.
(v) Learning theory of personality.
(vi) Social-behaviour theory.
(vii) Rotter's expectency reinforcement model.

**Trait theory:—** আধুনিক মনোবিজ্ঞানীরা Type theory কে ব্যবহার করেন না, সেই তুলনায় যে তত্ত্বটি অর্থাৎ, trait theory অনেকাংশে গ্রহণযোগ্য। প্রাত্যহিক জীবনে আমরা আমাদের বন্ধুবান্ধবদের সম্বন্ধে যে গুণাবলী উল্লেখ করি, সেইগুলি হল Trait. যেমন— কেউ অলস, বোকা, অসৎ, কেউ রাগী, কেউ ভিতু ইত্যাদি। সাধারণ অর্থে trait বলতে আমরা বুঝি বা বোঝাই "A mode of behaviour" যেটি আমাদের জীবনে নানা ক্ষেত্রে, নানা অবস্থায় ধারাবাহিকভাবে আমরা প্রকাশ করি। Trait কে বলা হয় "As a property within the individual that accounts for his unique but relatively stable reactions to environment." অর্থাৎ, Trait হল ব্যক্তির এক ধরনের সম্পদ যা পরিবেশের সঙ্গে ধারাবাহিক অথচ বিশেষ ধরনের প্রতিক্রিয়ার জন্য দায়ী।) Walter Michel তাঁর "Introduction to personality." বইতে বলেছেন Trait is a continious dimension on which individual differences may be ~~around~~ arranged quantitatively in terms of amount of characteristics, the individual has." অর্থাৎ, (Trait হল ব্যক্তির একটি ধারাবাহিক দিক, যেটি ব্যক্তি বিশেষে ভিন্ন এবং তা এমন পরিমাণগতভাবে সজ্জিত যে তা ব্যক্তির আচরণগত বৈশিষ্ট্যকে প্রকাশ করে। প্রাত্যহিক জীবনে যদি ~~একটি~~ এটা ব্যাখ্যা করা যায়, যেমন— রাম, সে হল অলস, অর্থাৎ, বিভিন্ন সময়ে বিভিন্ন অবস্থায় রামের আচরণের মধ্যে অলসতারূপী আচরণটি প্রকাশ পেয়েছে, সেজন্য আমরা বলি রাম হল অলস। অলসতা একটি trait যা রামের ব্যক্তিসত্ত্বায় রয়েছে।

**Trait এর বৈশিষ্ট্য:—**

(i) Trait গুলি Scalable করা যায়, অর্থাৎ, পরিমাণগতভাবে মাপা যায়।

Scanned with CamScanner

(ii) Trait গুলি সরাসরি পর্যবেক্ষণ করা না গেলেও এগুলি আচরণ বা কথাবার্তা ইত্যাদির মাধ্যমে প্রকাশ পায়।

(iii) Trait গুলি স্থায়ী নয়। সেইগুলি Flexible বা সচল। সেগুলি ব্যক্তির বয়স বৃদ্ধির সাথে সাথে ব্যক্তির মধ্যে স্থায়ী রূপে লাভ করে, যদিও সামান্য পরিবর্তন হতে পারে।

(iv) কতকগুলি Trait সার্বজনীন বা Universibility, কি পরিবেশে, কি ব্যক্তিতে, সার্বজনীন হতে পারে।

(v) Functional Unity Trait গুলির মধ্যে আলাদা আলাদা ভাবে থাকলেও একত্রিত ভাবে কাজ করে।

(vi) Trait গুলি উচ্চমানের অভ্যাস। (Trait are higher order habits.)

(vii) Trait are mental sets :— অনেক মনোবিদরা trait কে মানসিক অবস্থা বা mental set বলে থাকেন।

(viii) Trait are learned :— পরিবেশের উপাদানের সাথে পারস্পরিক ক্রিয়ার মাধ্যমে সংলক্ষণ গুলি অর্জিত হয়।

Allport এর শ্রেণীবিভাগ:—

Allport এর সংলক্ষণ Theory:—

Gordon W. Allport হলেন সর্বাপেক্ষা ব্যক্তিত্ব তত্ত্বপ্রবক্তা মনোবিদ। তাঁর ব্যক্তিসত্ত্বা সম্পর্কিত গবেষণা পৃথিবীর মনোবিদদের বিশেষভাবে প্রভাবিত করেছে। তিনি প্রথম বলেন যে, trait কে সরাসরি পর্যবেক্ষণ করা যায় না, এবং সেগুলি আচরণ থেকে অনুমান করে নিতে হয়। ধারাবাহিক পর্যবেক্ষণের মাধ্যমে মনোবিদরা trait এর frequency, range এবং reliability সম্পর্কে ধারণা করে নিতে পারে। তাঁর মতে, Trait হল, "A generalised and fo-calised neuro-psychic system with the capacity to render many stimuli functionally equivalent and to initiatiate and guide consistant form of adoptive and expressive behaviours."

এই সংজ্ঞায় Allport trait এর সমস্ত রকম বৈশিষ্ট্যগুলিকে অন্তর্ভুক্ত করেছেন। Trait গুলিকে তিনটি শ্রেণীতে বিভক্ত করেছেন।

Scanned with CamScanner

সেগুলি হল— Cardinal trait, Central trait and Secondery trait বা disposition (যে সকল trait গুলি বা সংলক্ষণগুলি ব্যক্তির বেশীরভাগ আচরণে প্রকাশ পায়, সেই ধরনের trait গুলিকে বলা হয়, Cardinal traits.) জীবনের সমস্তরকম সাফল্য নির্ণয়ের পরিস্থিতিতে এগুলি প্রয়োজন, এবং অনেকে মনে করেন যে, এগুলি ব্যক্তিকে সারাজীবন ধরে প্রভাবিত করে।

(যে সকল trait Cardinal trait অপেক্ষা কম প্রতীয়মান হয়, সেগুলিকে তিনি নাম দিয়েছেন Central trait) এবং (Secondary trait বা disposition গুলি খুবই সংকীর্ণ সংলক্ষণ, এবং এগুলিকে অনেক সময় মনোভাব attitude বলা হয়। এবং সেগুলি আচরণের মধ্যে ধারাবাহিকভাবে প্রভাব বিস্তার করে না)

Cattle এর Factor analytic theory of traits:—

(Raymond B. Cattle ব্যক্তিসত্তার সংলক্ষণ তত্ত্বের অন্যতম প্রবক্তা, তাঁর মতে, ব্যক্তিসত্তার সাংগঠনিক উপাদান হল সংলক্ষণ বা trait. তাঁর মতে, (Trait হল একধরনের ব্যক্তিসত্তার structure যেগুলি বিভিন্ন পরিস্থিতিতে ব্যক্তির আচরণ থেকে অনুমান করা যায়) এই Trait গুলিকে তিনি চারটি ভাগে ভাগ করেছেন। সেগুলি হল— Common trait, unique traits, Surface trait এবং Source traits.

এমন কতকগুলি Trait আছে, যেগুলি সচরাচর সমস্ত মানুষের মধ্যেই দেখা যায় এবং সেই trait গুলি হল :— সমস্যা, আক্রমণধর্মীতা, সহযোগীতা প্রভৃতি, এগুলি হল সাধারণ সংলক্ষণ বা Common trait

(যে সকল Trait গুলি কোন ব্যক্তির বা বিশেষ ব্যক্তির বিশেষ সময়ে দেখা যায়, এগুলি সাধারণীকৃত নয়, এগুলিকে বলা হয় Unique Trait বা বিশেষ সংলক্ষণ)

(যে সকল সংলক্ষণ ব্যক্তির প্রকাশিত আচরণের মধ্যে দেখা যায় এবং সহজে চিহ্নিত করা যায়, সেগুলিকে বলা হয় Surface trait. যেমন— কৌতূহল, চতুরতা, নির্ভরশীলতা ইত্যাদি।)

(Source trait হল underline structure or sources যেগুলি ব্যক্তির আচরণের নির্ণায়ক, এবং যেগুলি আচরণের থেকেই অনুমান করা যায়।)

⑥ Cattle এর মতে, Source trait গুলি হল ব্যক্তিসত্তার স্বাধীন independent dimension. সেগুলিকে factor analysis এর মত আধুনিকতম পদ্ধতির সাহায্যে পরিমাপ করা যায়, এবং এই পদ্ধতি প্রয়োগে তিনি প্রায় 46 টি Surface trait নিয়ে পরীক্ষা নিরীক্ষা করেন, এর মধ্যে 15 টিকে এবং বুদ্ধিসহ 16 টিকে, এরকমভাবে তিনি 15 টি trait কে চিহ্নিত করেন এবং বুদ্ধিকে অন্তর্ভুক্ত করেন এবং এইভাবে তিনি 16 th personality factor questionnaire বা 16 th P. F. উদ্ভাবন করেন।)

## Eysenck trait type theory of Personality:—

H. J. Eysenck একজন ব্রিটিশ মনোবিদ, তিনি তার গবেষণায় সংলক্ষণের Dimension কে গুরুত্ব দেন, 1000 সৈন্যকে নিয়ে তাঁর গবেষণা এবং রাশিবিজ্ঞানের সহায়তায় Personality এর দুটি দিক চিহ্নিত করেন, একটি হল introversion, extroversion এবং অন্যটি হল— Neuroticism. পরবর্তী কালে তিনি আরেকটি dimension খুঁজে পান, সেটি হল — Psychoticism, Eysanck এর মতে, Psychoticism একটি আলাদা dimension এবং introversion ও extroversion থেকে আলাদা, সুতরাং (Eysenck এর মতে, ব্যক্তিসত্তার তিনটি মৌলিক dimension হল— (i) Introversion Vs extroversion, (ii) Normality Vs Neuroticism, (iii) Psychoticism)

Eysenck তাঁর এই তত্ত্বের উপর ভিত্তি করে ব্যক্তিসত্তা নির্ণয়ের অভীক্ষা বা Inventory তৈরী করেন এবং তাঁর এই অভীক্ষা বহু মনোবিজ্ঞানী করেছেন এবং তাঁর এই গবেষণায় সবচেয়ে বড় অবদান হল তিনি প্রমাণ করেছেন, ব্যক্তিসত্তা মানুষের Genetic কারণে হয়ে গড়ে ওঠে, এবং তিনি Neuroticism কে Autonomic nervous system বা স্বয়ংক্রিয় ~~স্নায়ু~~ স্নায়ু এবং Introversion - extroversion কে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের সঙ্গে যুক্ত করে দেখেছেন, যেখানে আমেরিকার মনোবিদরা ব্যক্তিসত্তার গড়ে ওঠার জন্য পরিবেশকে প্রাধান্য দিয়েছেন, সেখানে Eysenck ব্যক্তিসত্তা গড়ে ওঠার বংশগতিকে প্রাধান্য দিয়েছেন।

## Trait তত্ত্বের সাধারণ বৈশিষ্ট্য:—

Trait তত্ত্বের কতকগুলি সাধারণ বৈশিষ্ট্য দেখা যায়, সেগুলি হল:—

(i) Consistency of traits.
(ii) Trait dimension (সংলক্ষণের বিভিন্ন দিকের প্রকাশ)
(iii) Trait are disposition.

অবস্থার পরিপ্রেক্ষিতে Trait এরও পরিবর্তন হয়।

## Trait তত্ত্বের সমালোচনা:—

আধুনিক কালে অনেক মনোবিদরা সংলক্ষণ তত্ত্বকে বা Trait theory কে নানাভাবে সমালোচনা করেছেন। এর বিরুদ্ধে মূল অভিযোগ হল:—

(i) Trait সম্পর্কে বিভিন্ন মনোবিদরা একমত নন।

(ii) Trait এর আচরণগত দিক থেকে বলা হয়েছে যে এগুলি ধারাবাহিক। অবস্থার পরিবর্তনে এগুলির অতি সামান্য পরিবর্তন ঘটে। কিন্তু, বাস্তব জীবনে আমরা দেখি এই Trait গুলির প্রায়সময়ই পরিবর্তন ঘটে। আজকে যিনি বন্ধুত্বপূর্ণ ব্যবহার করেন, জীবনে সমস্ত পরিস্থিতিতে তার ঐ বন্ধুত্ব প্রীতি সংলক্ষণটি নাও থাকতে পারে। তাছাড়া Trait কখনও স্থায়ী বৈশিষ্ট্য হতে পারে না, কারণ, ব্যক্তিসত্ত্বাই পরিবর্তনশীল।

(iii) সংলক্ষণের মাত্রা সম্পর্কে মনোবিদদের মধ্যে প্রশ্ন থেকে যায়। কোন একটি বৈশিষ্ট্যের শূন্য মান নেই। আর এমন কোন কৌশল নেই, যা দিয়ে Trait গুলিকে পরিমাপ করা যায়। যেসকল Paper Pencil test ব্যবহৃত হয়, তার মধ্যে ভ্রান্ত থেকে ~~[illegible]~~ যাওয়া স্বাভাবিক।

(iv) কোন একটি Trait কে পরিমাপ করতে গেলে Halo-effect এসে যায়। এ কারণে Trait গুলিকে পরিমাপ করা যায় না, অর্থাৎ, Halo effect চলে আসে।

(v) কোন ব্যক্তির আচরণকে Trait inventory বা সংলক্ষণ অভীক্ষায় প্রাপ্ত মানের ভিত্তিতে ভবিষ্যৎ বাণী করা যায় না। ~~অর্থাৎ, Halo effect চলে আসে।~~

(vi) সংলক্ষণ তত্ত্বের মধ্যে সর্বশেষ সমালোচনা হল যে Trait এর বিভিন্নতা দ্বারা ব্যক্তিবর্গের মধ্যে আভ্যন্তরীণ প্রক্রিয়া নির্ণয় করা যায়

Scanned with CamScanner

(৪)

(৪) ~~জন্ম~~ এবং তাদিয়ে ব্যক্তি বৈষম্য নির্ধারিত হয় কি না? বিজ্ঞানীদের মত হল — শুধুমাত্র Trait নয়, বাইরের নানান পরিস্থিতি ও ব্যক্তির আচরণকে প্রভাবিত করে।

Scanned with CamScanner